গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৩.১৬/০৭

তারিখ: ২২ পৌষ, ১৪২৩ বঃ
৫ জানুয়ারি, ২০১৭ খ্রিঃ

# কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৩/২০১৬

বিষয়: **Isolin Board/ Tundish Board/ Garnex Board নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

BSRM Iron & Steel Co. Ltd., Isolin Board/ Tundish Board/ Garnex Board নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন। আবেদন সংশ্লিষ্ট বিস্তারিত তথ্যাদি নিম্নরূপ:-

(ক) **আবেদনকারির পরিচিতি:**

| | |
|---|---|
| আবেদনকারির নাম | BSRM Iron & Steel Co. Ltd. |
| আবেদনকারির ঠিকানা | আলী ম্যানশন, ১২০৭/১০৯৯, সদরঘাট রোড, চট্টগ্রাম। |
| টেলিফোন নম্বর | ০৩১২৮৫৪০১-১০ |
| ই-মেইল ঠিকানা | mail@bsrm.com |

(খ) **রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:**

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Isolin Board/ Tundish Board/ Garnex Board |
| যে ভৌত অবস্থায় (Form)/ প্রকৃতিতে আমদানি করা হবে | Board/Block আকারে |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | ভারত |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণিবিন্যাস | এইচ.এস.কোড ৬৯০১.০০.০০ |
| রপ্তানিকারক বা সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম/ ঠিকানা - | (ক) নাম: Metaflux Company Private Limited<br>(খ) ঠিকানা: 162, VIP Road, Kolkata 700054, India.<br>(গ) ই-মেইল: metaflux@vsnl.com<br>(ঘ) ওয়েব ঠিকানা: www. metafluxco.com |

২। **আবেদনকারির ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:**

আবেদনকারি কর্তৃক সরবরাহকৃত দলিলাদি পর্যালোচনায় দেখা যায় বর্ণিত Isolin Board/ Tundish Board/ Garnex Board পণ্যে Silica ($SiO_2$) এর পরিমাণ ৯২.১%, যা Solid in Board Shape (unassembled) অবস্থায় আমদানি হবে এবং এটি Continuous Casting Machine (CCM) এ Casting molten metal থেকে Billet এ রূপান্তরিত হওয়ায় সময় molten metal এর তাপমাত্রা সংরক্ষণ বা ধরে রাখার কাজে ব্যবহার করা হবে মর্মে আবেদনকারি তার আবেদনে উল্লেখ করেছেন।

৩। **আমদানিয় পণ্যের ব্যবহার/উপযোগিতা:**

পণ্যের নমুনা এবং আবেদনকারি কর্তৃক সরবরাহকৃত ভিডিও চিত্র পর্যালোচনায় দেখায় যায়, আলোচ্য পণ্যসমূহ এম.এস. এর পাত্রের ভেতরের অংশে লাইনিং এর কাজে ব্যবহৃত হয়। আবেদনকারি কর্তৃক সরবরাহকৃত স্থিরচিত্র এবং সরবরাহকৃত দলিলাদি পর্যালোচনায় দেখা যায়, Continuous Casting হচ্ছে একটি পদ্ধতি যার মাধ্যমে Molten metal থেকে Semi-finished billet, bloom বা slab উৎপাদন করা হয়। স্থিরচিত্রে দেখা যাচ্ছে Ladle নামক একটি আধারে ১৬০০°সে তাপমাত্রা থেকে Molten Metal ১৫৫০°সে তাপমাত্রাতে Tundish নামক আরেকটি আধারে এসে অবস্থান করে এবং

পরবর্তীতে Tundish থেকে একটি Nozzle এর মাধ্যমে ১৫০০°সে তাপমাত্রাতে Solidification এর কাজ শুরু হয় যা একটি Metallurgical length এর মাধ্যমে যেতে যেতে Solidified হতে থাকে। ৯৫০°সে তাপমাত্রাতে এসে Metallurgical length এ Solidification এর কার্যক্রম সম্পন্ন হয়। এভাবে Continuous Casting machine এর মাধ্যমে Molten metal থেকে Semi-finished billet তৈরি হয়। আবেদনকারির প্রতিনিধির সাথে কথা বলে জানা যায়, ভেতরের Isolin Board/ Tundish Board/ Garnex Board লাইনিং সমৃদ্ধ এম.এস. এর পাত্রসমূহ উল্লিখিত Tundish নামক আধার হিসেবে পরিচিত। Tundish নামক আধারে Inner lining হিসেবে Isolin Board/ Tundish Board/ Garnex Board ব্যবহারের প্রধান দুটি কারণ হচ্ছে Molten Metal স্থানান্তর ও অবস্থানকালে এর তাপমাত্রা অপরিবর্তিত রাখা এবং এম.এস. এর পাত্রসমূকে অতিরক্তি তাপমাত্রা থেকে রক্ষা করা।

৪। **বর্ণিত পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস ও এর পক্ষে যুক্তিসমূহ:**

**(ক) এইচ.এস. শ্রেণিবিন্যাস নীতিমালার আলোকে পর্যালোচনা:**

কোন একটি আমদানিয়/ রপ্তানিয় পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস নির্ণয়ের জন্য উক্ত পণ্যের সবিস্তার বিবরণ, ক্যাটালগ/ব্রুশিওর, লিটারেচার (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি পর্যালোচনার পাশাপাশি World Customs Organization (WCO) এর General Rules for the Interpretation of the Harmonized System (GIR) ও Explanatory Notes এবং বিবেচ্য পণ্য সংশ্লিষ্ট Section Notes ও Chapter Notes পর্যালোচনা করা আবশ্যক।

বর্ণিত Isolin Board/ Tundish Board/ Garnex Board এর শ্রেণিবিন্যাস নির্ধারণে উক্তরূপ এইচ.এস. শ্রেণিবিন্যাস নীতিমালা পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে, Harmonized System Explanatory Notes এ নিম্নরূপ উল্লেখ আছে, যথা:

(ক) Explanatory Notes এ Volume 3 এর পৃষ্ঠা-XIII-6901-1 তে উল্লিখিত চ্যাপ্টার ৬৯ এর সাব-চ্যাপ্টার ১ এর সাব-চ্যাপ্টার নোট এ উল্লেখ আছে, This sub-Chapter covers, whether or not they contain clay:

(A) **In heading 69.01 ceramic goods** obtained by the firing after shaping of siliceous fossil meals or similar siliceous earths such as kieselguhr, tripolite or dolomite (mostly falling in heading 25.12), of silica obtained by the incineration of certain vegetable products (e.g., rice boll ash). These materials are usually mixed with binders (such as clay or magnesia) and sometimes with other substances (e.g., asbestos, hair, sawdust, coal dust).

These articles are usually very light weight, and their porous structure makes them excellent heat-insulators for use in building, for the lagging of gas and steam piping. Some of these goods are also used as refractory products in the construction of oven, industrial furnaces, steam generating boilers or other industrial plant and for other applications where lightness of the material, low thermal conductivity, as well as heat resistance, are desired. Other are used as heat-insulators for working temperatures of less than 1,000°C.

(B) **In heading 69.02 and 69.03 refractory goods**, i.e., fired articles having the special property of resisting high temperatures as met in metallurgy, the glass industry, etc. (e.g., of the order of 1,500°C and higher). According to the particular uses for which they are intended, refractory articles may also need to withstand rapid changes of temperature, be either good thermal insulators or conductors, have a low coefficient of thermal expansion, contact, have a good mechanical strength and resistance to wear, etc.

However, to fall in heading 69.02 or 69.03 as refractory goods, articles must not only be **capable** of resisting high temperatures, they must also be **designed** for high temperature work.

(খ) Explanatory Notes এ Volume 3 এর পৃষ্ঠা-XIII-6902-1 তে হেডিং-৬৯.০২ এর নোট এ উল্লেখ আছে: This heading covers a group of refractory products (other than those of heading 69.01) **normally used in the construction of ovens, kilns, furnaces or other plant for the metallurgical, chemical, ceramic, glass and other industries**.

It includes, *inter alia:*

(1) **Bricks of all shapes** (parallelepiped, wedge, shaped, cylindrical, semi-cylindrical, etc.), including keystones and other specially shaped bricks (e.g., runner bricks, concave on one

face and rectilinear the others) even if they are clearly recongnisable as being of the kind specially designed for the construction of plant or machinery of Section XVI.

(2) **Refractory blocks and tiles for flooring, walls, hearts**, etc.

(গ) Explanatory Notes এ Volume 3 এর পৃষ্ঠা-XIII-6903-1 তে হেডিং-৬৯.০৩ এর নোট এ উল্লেখ আছে: This heading covers all refractory goods not specified or included in the preceding headings.
These articles include:

(1) Articles which, unlike the refractory products of heading 69.02, are in many cases not permanent fixture, such as retorts, reaction vessels, crucibles, cupels and similar articles for industrial or laboratory use, muffles, nozzles, plugs, burner jets and similar parts of furnaces; saggars, stands and other kiln furniture to support or separate pottery during firing; sheaths and rods; stands for crucibles; ingot moulds; etc.

উল্লিখিত পর্যালোচনা আলোকে আলোচ্য পণ্যটি হেডিং ৬৯.০২ এর বর্ণনানুযায়ী metallurgical industries এ plant এর Tundish নামক আধারের floor, wall এর Inner lining তৈরিতে ব্যবহৃত refractory Bricks and Blocks হিসেবে হেডিং ৬৯.০২ এ শ্রেণিবিন্যাসযোগ্য হবে।

**(খ) বাংলাদেশ কাস্টমস ট্যারিফ (বিসিটি) এর আলোকে পর্যালোচনা:**

বর্ণিত পণ্যের জন্য প্রযোজ্য এইচ.এস.কোড নির্ধারণের লক্ষ্যে WCO এর এইচ.এস. শ্রেণিবিন্যাস নীতিমালার পাশাপাশি বাংলাদেশ কাস্টমস ট্যারিফ (যা সাধারণত: কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ফার্স্ট শিডিউল নামে সমধিক পরিচিত) পর্যালোচনা করা হয়েছে। বিসিটি এর হেডিং- ৬৯.০২ এর সাব-হেডিং ৬৯০২.২০ এর বর্ণনানুযায়ী Containing by weight more than 50% of alumina ($Al_2O_3$), of silica ($SiO_2$) or of a mixture or compound of these products কে উক্ত সাব-হেডিং এ শ্রেণিবিন্যাসিত করা হয়েছে।

(গ) **প্রাপ্ত তথ্যাদির আলোকে পণ্যটির সঠিক এইচ.এস.কোড:**

আবেদনে বর্ণিত পণ্যের বিষয়ে পর্যালোচনা ও বিশ্লেষণের জন্য গত ৬/১২/২০১৬ খ্রিঃ তারিখ জাতীয় রাজস্ব বোর্ডে অগ্রিম রুলিং ইউনিটের একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আলোচ্য পণ্যের নমুনা, আবেদনকারির বক্তব্য, ইউনিট সদস্যদের মতামত, ইন্টারনেট হতে প্রাপ্ত তথ্য, এইচ.এস. শ্রেণিবিন্যাস নীতিমালা এবং বাংলাদেশ কাস্টমস ট্যারিফ এর ব্যাখ্যার আলোকে বর্ণিত পণ্যটির সম্ভাব্য এইচ.এস.কোড পর্যালোচনা করা হয়।

পর্যালোচনায় দেখা যায়, বর্ণিত Isolin Board/ Tundish Board/ Garnex Board নামক পণ্য হেডিং ৬৯.০২ এর বর্ণনানুযায়ী metallurgical industries এ plant এর Tundish নামক আধারের floor, wall এর Inner lining তৈরিতে ব্যবহৃত refractory Bricks and Blocks হিসেবে হেডিং ৬৯.০২ তে এবং সাব-হেডিং ৬৯০২.২০ এর বর্ণনানুযায়ী Containing by weight more than 50% of silica ($SiO_2$) হিসেবে এইচ.এস.কোড ৬৯০২.২০.০০ এ শ্রেণিবিন্যাসিত হওয়া অধিকতর যুক্তিযুক্ত।

৫। **অগ্রিম রুলিং:**

BSRM Iron & Steel Co. Ltd. কর্তৃক আমদানিয় Isolin Board/ Tundish Board/ Garnex Board নামক পণ্য metallurgical industries এ plant এর Tundish নামক আধারের floor, wall এর Inner lining তৈরিতে ব্যবহৃত refractory Bricks and Blocks হিসেবে এইচ.এস.কোড ৬৯০২.২০.০০ এ শ্রেণিবিন্যাসযোগ্য হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারী করা হলো।

৬। **অগ্রিম রুলিং এর কার্যকারিতা:**

এই অগ্রিম রুলিং টি জারী হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৭। **আবেদনকারির জন্য গুরুত্বপূর্ণ তথ্য:**

(ক) BSRM Iron & Steel Co. Ltd. এই অগ্রিম রুলিং টি এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং-এ সংক্ষুব্ধ হলে BSRM Iron & Steel Co. Ltd. রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট এর নিকট লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ ফরিদ উদ্দিন)
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট
ও
সদস্য, গ্রেড-১ (কাস্টমস নীতি)
জাতীয় রাজস্ব বোর্ড।

**প্রাপকঃ**

**কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/ চট্টগ্রাম/ বেনাপোল/ আইসিডি/ মংলা/ পানগাঁও।**

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৩.১৬/ ০৯

তারিখঃ ২২ পৌষ, ১৪২৩ বঃ
৫ জানুয়ারি, ২০১৭ খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২১। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর/ মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২২-২৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।

২৪। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৭। Lead Commercial, BSRM Iron & Steel Co. Ltd. আলী ম্যানশন, ১২০৭/১০৯৯, সদরঘাট রোড, চট্টগ্রাম।

২৮। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড। [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]

২৯। অফিস কপি/ গার্ড নথি।

৫.১.১৭

(মোঃ শরফুদ্দিন মিঞা)
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ও
দ্বিতীয় সচিব
(কাস্টমসঃ ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং)
জাতীয় রাজস্ব বোর্ড।
ই-মেইলঃ sharfuddin009nbr@gmail.com